

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূসক আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি শাখা]

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ২২ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ / ০৬ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : **বিশ্ব খাদ্য কর্মসূচি (World Food Programme বা WFP) কর্তৃক স্কুল ফিডিং
প্রোগ্রামের আওতায় বিস্কুট ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) মওকুফ প্রদান।**

নং-১৮/মূসক/২০২০।—যেহেতু, বিশ্ব খাদ্য কর্মসূচি (World Food Programme বা WFP) স্থানীয় উৎপাদকের নিকট হতে বিস্কুট ক্রয়পূর্বক দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বিতরণ করবে; এবং

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচি এর মধ্যে সম্পাদিত চুক্তিতে বিধি ও পদ্ধতি অনুসরণে দেশের অভ্যন্তরে স্থানীয়ভাবে ক্রয়কৃত খাদ্যসামগ্রীর উপর আরোপণীয় স্থানীয় করাদি সরকার মওকুফ করবে মর্মে শর্ত রয়েছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২, এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, WFP এর ২৮মে, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের পত্র নং-VAT/05/2020 অনুসারে স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে WFP এর সম্পাদিত চুক্তির আওতায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের নামের বিপরীতে প্রতিক্ষেত্রে বর্ণিত পরিমাণ বিস্কুট সরবরাহের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে আরোপণীয় মূল্য সংযোজন কর (মূসক) হতে অব্যাহতি প্রদান করা হলো, যথা :—

(৯১১৫)

মূল্য : টাকা ৪.০০

সূত্র	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠান/ফ্যাক্টরীর ঠিকানা	সরবরাহতব্য বিস্কুটের পরিমাণ (মেট্রন)
4500073732 4500074605	Resco Biscuits & Bread Factory (Pvt.) Ltd.	BSCIC Industrial Estate, Jessore	190.307 245.00
4500073734	Janata Biscuit Company	Ahasanullah Soroni, Boyra, Khulna	269.00
4500073735 4500074602	New Olympia Biscuit Factory (Pvt.) Ltd.	Savar, Dandabor- Polashbari, Dhaka	448.937 290.00
4500073756 4500074601	Masafi Bread and Biscuit Industries	Gorai, Mirzapur, Tangail	411.00 285.00
4500073757 4500074603	Central Marketing Company	Ramnagar, Jessore-Khulna	190.00 244.00
4500074132	PRAN Dairy Ltd.	PRAN Industrial Park, Bagpara, Palash, Narshingdi	660.00
Total Quantity			3.233.244 (তিন হাজার দুইশত তেরত্রিশ দশমিক দুইশত চুয়াল্লিশ)

০২। উল্লেখ্য, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান তৎকর্তৃক সরবরাহকৃত বিস্কুট উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করতে পারবে না। এ অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে বিস্কুট উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন
প্রথম সচিব (মুসক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd